

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২২, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ০৮ অগ্রহায়ণ, ১৪১৪ বাৎ/২২ নভেম্বর, ২০০৭ খ্রিঃ

নং ৩৪ (মুঃ প্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৭ অগ্রহায়ণ, ১৪১৪ বাৎ/২১ নভেম্বর, ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিয়ে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ৩৪, ২০০৭

দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫ নং আইন) এর অধিকতর
সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫ নং আইন) এর অধিকতর
সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া গিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে
যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩ (১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি
নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :

(৮৪৩৫)

মূল্য : টাকা ২.০০

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ দুর্নীতি দমন কমিশন (দ্বিতীয় সংশোধনী) অধ্যাদেশ, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) এই অধ্যাদেশ ৯ মে, ২০০৪ ইং তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। ২০০৪ সনের ৫ নং আইনের ধারা ৩ এর উপধারা (২) এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৩ এর উপধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপধারা (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(২) এই কমিশন একটি স্বাধীন, স্বশাসিত ও নিরপেক্ষ কমিশন হইবে।”।

তারিখ : ২১-১১-২০০৭ খ্রিঃ
০৭-০৮-১৪১৪ বাং

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল

ভারপ্রাপ্ত সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।